এইচআইভি/এইডস এর জন্যে বিহেভিয়র চেঞ্জ কমিউনিকেশন

বিহেভিয়র চেঞ্জ কমিউনিকেশন কি?

সাধারণ ভাবে বলা যায় যে, আচরণ পরিবর্তন যোগাযোগ হল সেই প্রক্রিয়া যা জনগণের অবস্থান বোঝে এবং সেই অবস্থানের উপযোগী বিভিন্ন বার্তা তৈরী করে তা বিভিন্ন মাধ্যমে প্রেরণ করে। কারণ দেখা গেছে একটা সমাজে মানুষ যেই অবস্থানে বাস করে তাকে দিনে দিনে বিপদের দিকে ঠেলে দিচ্ছে এবং সেই সমাজের জনগণের এই বিপদজ্জনক অভ্যাসগুলোর পরিবর্তন আনাই আচরণ পরিবর্তন যোগাযোগের মূল লক্ষ্য।

আচরণ পরিবর্তন যোগাযোগকে সংজ্ঞায়িত করা যায় এই ভাবে, এটা হচ্ছে এমন একটি বহুস্তর বিশিষ্ট হাতিয়ার যা সামাজিক এবং ব্যক্তিগত পর্যায়ে বিপদ কমানোর এক ধরনের প্রচারনা এবং বিভিন্ন যোগাযোগ মাধ্যমে স্বাস্থ্য সম্পর্কিত বিভিন্ন বার্তা এবং তথ্য প্রচারের মাধ্যমে এই পরিবর্তন আনার চেষ্টা করে এই ধরনের যোগাযোগ ব্যবস্থা।

BCC (Behavior changes communication) বিভিন্ন ব্যবহারিক চ্যানেল ব্যবহার করে আচরণ পরিবর্তনের বিষয়টির উপর আলোকপাত করছে। লক্ষনীয় যে, একটি সমাজের জনগণের বিভিন্ন ধরনের অভ্যাস বা আচরণ গড়ে উঠার পিছনে সেই সমাজের সামাজিক, অর্থনৈতিক, ধর্মীয় এবং সাংস্কৃতিক বিভিন্ন অভিজ্ঞতাই বেশী প্রভাবিত করে। BCC এর কাজ হল সেই সমাজে সামাজিক বিপনন, গনমাধ্যমে এমনকি আন্তঃব্যক্তি যোগাযোগের মাধ্যমে পৌঁছে যাওয়া।

এইচ,আই, ভি বা এইডসের ভয়াবহতা কমানোর আগে জনগণকে ব্যক্তি পর্যায়ে বা সামাজিক ভাবে এর প্রয়োজনীয়তা সম্পর্কে বোঝাতে হবে। এর অর্থ হলঃ জনগণকে অবশ্যই এইচ,আই,ভি বা এইডস সম্পর্কে মূল ধারনা দেওয়া এর থেকে নিজেকে দূরে রাখার ব্যাপারে বিভিন্ন রক্ষামূলক দক্ষতা শিক্ষা দেওয়া এবং সমাজের সর্বস্তরে এর ব্যাপার উপযুক্ত সেবা এবং উৎপাদিত সহায়ক পন্য সরবরাহ নিশ্চিত করা। সবকিছুর উপরে BCC লক্ষ্য রাখবে সেই

সমাজের সার্বিক পরিবেশের উপরে যা সেখানকার মানুষের নিরাপদ আচরনের পরিবর্তন এবং রক্ষনাবেক্ষনের ক্ষেত্রে সহায়ক ভূমিকা রাখবে।

আমরা জানি যে, এইচ,আই,ভি হল এক ধরণের যৌন জীবন বাহিত প্রদাহ বা রোগ, তাই এই ব্যাপারে জাতীয় পর্যায়ে বা সামাজিক পর্যায়ে ব্যাপক প্রচারনার প্রয়োজন রয়েছে। অর্থাৎ, যৌন জীবন, এর বিপদ এবং বিপদজনক বিভিন্ন অভ্যাস নিয়ে ব্যাপক আলোচনার প্রয়োজন রয়েছে।

অন্যদিকে দেখা যাচ্ছে যে, এইচ,আই,ভি মানুষের বিভিন্ন সাংস্কৃতিক আদর্শগুলোকে নিয়ন্ত্রণ করছে এর প্রতিক্রিয়াকে সুন্দরভাবে সমাধানের জন্য। অন্যদিকে BCC হচ্ছে এব্যাপারে সবচেয়ে দায়িত্বশীল, কার্যকরী, হৃদয়গ্রাহী সহায়ক হাতিয়ার। শুধু তাই নয়, BCC আর্থ সামাজিক পর্যায়ে এই মহামারীর গুরুত্ব এবং ভয়াবহতা সম্পর্কে একটি অন্তঃদৃষ্টিও তৈরী করতে

বি,সি,সি, এর ফলপ্রসু ব্যবহার ঃ

একটি কার্যকরী বি,সি,সি প্রোগ্রাম নিম্নলিখিত উপায়ে প্রয়োগ করা যায়ঃ-

জ্ঞান বৃদ্ধিঃ- জ্ঞান স্তরের বৃদ্ধি ঘটানো সম্ভব যখন মানুষের মাঝে ভাষা, দৃশ্যমাধ্যম অথবা অন্যান্য অনেক যোগাযোগ মাধ্যমের প্রসার থাকে এবং জনগণ সেগুলি বুঝতে পারে এবং সেই মাধ্যম গুলোর সাথে নিজেদের সহজেই সম্পৃক্ত করতে পারে।

সামাজিক সংলাপের উৎসাহ ও উদ্দীপনা যোগানঃ BCC ব্যবহৃত হওয়া উচিৎ এই মহামারীর মূল বিষয়গুলো ভিত্তি করে যে সমস্ত এ জাতীয় ও সামাজিক পর্যায় আলোচনা হচ্ছে সেগুলোকে উৎসাহ যোগানের ক্ষেত্রে। এই মূল বিষয়গুলোর হতে পারে বিভিন্ন বিপদজনক অভ্যাস। বিপজনক পরিবেশ যা এই মহামারীর অবস্থা তৈরী করেছে। এছাড়াও BCC আরো ব্যবহৃত হওয়া উচিৎ তথ্য ও সেবার চাহিদা তৈরীর ক্ষেত্রে যা প্রয়োজনীয় এবং সরাসরি কাজের নামার ক্ষেত্রে উদ্যোগী হবে বিপদের ভয়াবহতা এবং লজ্জা কমানোর ক্ষেত্রে।

পরামর্শ উন্নয়ন ও সমৃদ্ধিকরণঃ- এই মহামারী বা এ সংক্রান্ত আলোচনা ও পরিকল্পনা করার ব্যাপারে নীতি নির্ধারক ও মতামতদানকারী নেতারা যাতে গুরুত্ব সহকারে এবং আন্তরিকভাবে পরামর্শ দেন সেটা নিশ্চিত করার ক্ষেত্রে BCC ব্যবহৃত হওয়া উচিৎ। এই উপদেশ বা দিকনির্দেশনাগুলো জাতীয় পর্যায় থেকে শুরু করে সমাজের মূল ধারায় অবস্থান করতে হবে।

অসম্মান ও ভেদাভেদ কমানো ঃ- BCC অসম্মান এবং ভেদাভেদে কমানোর ক্ষেত্রে গুরুত্বদানে ব্যবহৃত হতে পারে। এছাড়াও এটা জনগণকে প্রভাবিত করা ও তাদের প্রতি সামাজিক দায়বদ্ধতা তৈরীতে ভূমিকা রাখার ক্ষেত্রে একটা অবস্থান তৈরী করতে পারে।

প্রতিরোধ যত্ন এবং সহায়ক সেবা সমূহের উন্নয়নঃ BCC ব্যবহৃত হতে পারে, এতিম আক্রান্ত শিশুদের ক্ষেত্রে স্বেচ্ছাসেবামূলক পরামর্শ দেওয়ার ক্ষেত্রে। HIV পরীক্ষা করার ক্ষেত্রে মা থেকে শিশুতে রোগ বহন করাকে প্রতিরোধ করার ক্ষেত্রে এবং HIV আক্রান্ত ব্যক্তিদের নানা রকম অর্থনৈতিক ও সামাজিক সহায়তা দেওয়ার ক্ষেত্রে।

পাঠ ও শিক্ষাঃ-

যেহেতু BCC এইচ,আই,ভি এইড প্রতিরোধ, সেবা, সহায়তা প্রোগ্রামের গুরুত্বপূর্ণ অংশ সর্বোপরি এই পরিকল্পনার এবং বিশেষ উদ্দেশ্য সংযুক্ত করার ক্ষেত্রে জোর দেওয়া উচিৎ। BCC প্রোগ্রামটাকে এমন পরিকল্পিত ভাবে সাজাতে হবে, যে প্রোগ্রামটি প্রত্যেক ব্যক্তির আচরণ পরিবর্তন এবং পরিবেশগত অবস্থার পরিবর্তনের ক্ষেত্রে সাহায্য করে, যে সেগুলো অবস্থাগুলো ব্যক্তিগত বিপদজনক আচরণের কারনে সৃষ্টি হয়েছে।

BCC এর উন্নয়ন প্রকল্পে অংশ গ্রহণের সুযোগ থাকবে যাদের জন্য এই প্রোগ্রাম তৈরী করা হয়েছে তারা। আতংকমূলক কোন প্রচারনা BCC এর উদ্দেশ্য হবেনা। কারণ এধরনের প্রচারনা জনগণের মধ্যে প্রভাব ফেলে না। BCC এর প্রোগ্রাম শুরু করার আগ্রহই এটা পর্যবেক্ষন এবং মূল্যায়ন যাচাই করতে হবে।

BCC এর উদাহরণঃ-

গণমাধ্যম, উপদেশ এবং অন্যান্য উপায়ের মাধ্যমে বয়স্ক শিক্ষাকে উন্নয়ন করা।

- নাপিতদের এইচ আই,ভি, এইড নিয়ে অনুশীলনের ব্যবস্থা করা। যাতে তারা যেন তাদের পরিসেবা গ্রহণ কারীদের এইচ, আই,ভি এইডস এর প্রতিরোধ ব্যবস্থা নিয়ে শিক্ষা বিতরণ করতে পারে।

বানিজ্যিক গাড়ীচালকদের জন্য এইচ,আই,ভি/এইডস সংক্রান্ত অনুষ্ঠানের ব্যবস্থা করা। কারণ তাদের পেশার কারণে তারা উচ্চ ঝুকিতে থাকে। এদের মধ্যে থেকে বয়স্ক শিক্ষক হিসাবে নির্বাচন করে তাকে প্রশিক্ষনের ব্যবস্থা করা হয় যাতে করে তারা এইচ,আই, ভি এইডসের প্রতিরোধমূলক শিক্ষা এবং তার পাশাপাশি কনডমের ব্যবহার সংক্রান্ত শিক্ষা বিতরণ করতে পারে।